মেহেরপুরের বারাদীতে যথাযোগ্য মর্যাদায় অমর একুশে পালন

অমর একুশে। জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ভাষা আন্দোলনের ৬৯ বছর পূর্ণ হলো। অমর একুশের শহীদদের প্রতিশ্রদ্ধা। সব পথ এসে মিশে গেছে এক অভিন্ন গন্তব্য শহীদ মিনারে।

বসন্তে ফোটাফুলের স্তবক হাতে, নগ্ন পায়ে ধীরে ধীরে বেদির দিকে এসে ফুল অর্পণ করেন সবাই। কণ্ঠে সেই অমর গান ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি/ আমি কি ভুলিতে পারি, ভাষা শহীদদের প্রতি নিবেদিত শ্রদ্ধার ফুলে ফুলে ঢেকে গেছে মোমিনপুর স্কুল মাঠের শহীদ মিনারের বেদি।

বাঙালি জাতির জীবনের এক অবিস্মরণীয় দিন। অমর একুশে ফেব্রুয়ারি স্মরণে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গতকাল আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনসহ, বারাদী ইউনিট আওয়ালীগ, মোমিনপুর ডাইমন্ড ক্লাব, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়, মোমিনপুর সরকারী প্রাথমিক,

বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, বারাদী ইউনিট কৃষক লীগ, শিংহাটি পশ্চিম পাড়া প্রাথমিক বিদ্যালয়, পাটকেলপোতা প্রথমিক বিদ্যালয়, হাসানাবাদ প্রাথমিক বিদ্যালয়, জুগিন্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়, বারাদী ইউনিট ছাত্রলীগ, বারাদী বিএডিসি, র্যালী নিয়ে ফুল প্রদান করেন এবং দিন ব্যাপী বিস্তারিত কর্মসূচি পালন করেছে।

বামন্দীতে যথাযোগ্য মর্যাদায় মাতৃভাষা দিবস পালিত

করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে গাংনী উপজেলার বামন্দী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে জাতীয় পতাকা অর্ধনিমিত ও কবিতা আবৃত্তির মধ্যে দিয়ে আর্ন্তজাতিক মার্তৃভাষা দিবস উৎযাপন করা হয়েছে।

গতকাল রবিবার সূর্যদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর বিদ্যালটির শ্রেণী কক্ষে আয়োজন করা হয় শিক্ষার্থীদের চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তির প্রতিযোগিতা। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুকবুল হোসেন, শিক্ষানুরাগী তরুণসহ বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা বৃন্দ।

দামুড়হুদায় ৪০০ বস্তা ক্ষুদ চোর ট্রাকচালক আটক

দামুড়হুদা জয়রামপুরের ট্রাকচালক সাগর চালের ক্ষুদ চুরি করে পুলিশের হাতে আটক হয়েছেন।

জানা গেছে, দামুড়হুদা উপজেলার জয়রামপুরের তারিনিপুর গ্রামের মইদুলের ছেলে ট্রাকচালক সাগর(২২) গত ১২ ফেব্রুয়ারি নাটোর গুরুদাসপুর চাল ব্যবসায়ীর নিকট থেকে ৪০০ বস্তা ক্ষুদ কুষ্টিয়া চাল ব্যবসায়ীর নিকট নিয়ে আসার জন্য রওনা হয়। চতুর ট্রাকচালক সাগর চালের ক্ষুদ গুলো কুষ্টিয়া চাল ব্যবসায়ীর নিকট না নামি পূর্বপরিকল্পনা অনুযায়ী ক্ষুদ গুলো জয়রামপুর নওদাপাড়ার আ: সালাম টুনর ছেলে টিটুর নিকট ৭ লক্ষ টাকার ক্ষুদ ২ লক্ষ ৯০ হাজার টাকা বিনিময়ে বিক্রি করেন।

এ বিষয়ে নাটোরের চাল ব্যবসায়ী ট্রাকচালক সাগরের নাম উল্লেখ করে নাটোর গুরুদাসপুর থানায় একটি মামলা দায়ের করেন। নাটোর গুরুদাসপুর থানা পুলিশ চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপারের নিকট বিষয়টি জানান।

পরে পুলিশ সুপারের নির্দেশে চুয়াডাঙ্গা সদর থানা ও দামুড়হুদা মডেল থানা পুলিশের সার্বিক সহযোগিতায় ট্রাক চালক সাগরের পরিচয় সনাক্ত করে গতকাল রাত ৭ টার দিকে সাগরকে আটক করা হয়।

সাগরের তথ্য অনুযায়ী তার বাড়িতে গিয়ে ক্ষুদ বিক্রয় করার অবৈধ

টাকা কোথায় জানতে চাললে সাগর তার বাড়ির ঘরের ড্রয়ারে থেকে ৫০ হাজার টাকা উদ্ধার করেন। সাগর পুলিশ হেফাজতে আছেন বলে জানা গেছে।

গুরুদাসপুর থানা সূত্রে জানা গেছে, নাটোর গুরুদাসপুরের চাল ব্যবসায়ী নিকট থেকে ট্রাকচালক সাগর কুষ্টিয়ার চাল ব্যবসায়ী কাছে ক্ষুদ নিয়ে আসেন গত ১২ তারিখ।

ট্রাকচালক সাগর ক্ষুদের গাড়ী গন্তব্য স্থান কুষ্টিয়া চাল ব্যবসাীর নিকট না নামিয়ে নিজ গ্রাম চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামে নিয়ে বিক্রয় করে দেন। এ বিষয়ে চাল ব্যবসায়ী গুরুদাসপুর থানায় একটি মামলা করেন। মামলার পরিপেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের সহযোগিতায় ট্রাকচালক সাগরকে আটক করা হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আইসিটি ইনকিউবেটর এন্ড ল্যাঙ্গুয়েজ সেন্টার উদ্বোধন

ঝিনাইদহের বেকার তরুণদের কর্মসংস্থানের কথা চিন্তা করে জাহেদী ফাউন্ডেশনের পৃষ্ঠপোষকতায় ও জেলা প্রশাসনের সহযোগিতায় গতকাল রবিবার বিকাল ৪ টায় ভাষা সৈনিক মুসা মিয়া আইসিটি ইনকিউবেটর এন্ড ল্যাঙ্গুয়েজ সেন্টার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক নাসের শাহরিয়ার জাহেদী, পৌর মেয়র সাইদুল করিম মিন্টু।

পাশাপাশি উপস্থিত হয় প্রশিক্ষণ নিতে আগ্রহী এমন দেড় শতাধিক তরুণ-তরুণী। আলোচকগণ বলেন এখানে উন্নত প্রশিক্ষকদের মাধ্যমে আগ্রহী

বেকার তরুণ তরুণীদের ফ্রি ফ্রিল্যান্সিং ও ল্যাংগুয়েজ কোর্স করানো হবে। ২৪ ঘন্টা আউটসোর্সিং এর কাজ চলবে এই সেন্টারে। চাকরির পেছনে না ছুটে ঘরে বসে প্রতিনিয়ত ইনকাম করার সকল রকম সুবিধা তৈরি হবে এখান থেকে।

করোনা প্রতিরোধে অবদান রাখায় কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান ইনুকে স্বর্ণপদক প্রদান

সফলভাবে করোনা প্রতিরোধে অবদান রাখার জন্য বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরাম দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মোহাম্মদ এনামুল করিম ইনুকে যোগ্য সমাজ সেবক হিসেবে সম্মাননা স্মারক ও স্বর্ণপদক প্রদান করেছে।

স্বর্ণপদক লাভে সহযোগিতা করায় কুড়ুলগাছি ইউনিয়নবাসীসহ সকল ইউপি সদস্য এবং অত্র ইউনিয়নের সকল নেতা-কর্মীকে আন্তরিক কৃতজ্ঞতা, শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন তিনি।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা

গতকাল রবিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

মেহেরপুর জেলা জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর জেলা শিল্পকলার সহযোগিতায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয় ।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক ও পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান জেলা প্রশাসনের সকল কর্মকর্তারা।

১১ দিনের ব্যবধানে বারোবাজারের একই স্থানে আবারও সড়ক দুর্ঘটনা! আহত-২

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারোবাজার এলাকার পিরোজপুর নামক স্থানে বাস ট্রাকের সংঘর্ষে ১২ জন নিহত হওয়ার ১১ দিনের মাথায় একই স্থানে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুই জন আহত হয়েছে। এ সময় ট্রাক দুটির চালক ট্রাকের মধ্যে আটকা পড়ে। গতকাল রবিবার রাত সাড়ে ৭ টার দিকে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন- যশোরের মনিরামপুর উপজেলার ওলিয়ার রহমানের ছেলে রাসেল ও নওগাঁ জেলার ইসলামের ছেলে নুর হুদা।

প্রত্যক্ষদর্শীরা জানান, যশোরগামী ভুষি বোঝাই ট্রাকের চাকা ফেটে গেলে বিপরীত দিক থেকে আসা ঝিনাইদহগামী সার বোঝাই ট্রাকের সাথে মুখোমুখী সংঘর্ষ হয়। কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে স্থানীয়দের সহযোগিতায় আটকা পড়া দুইজনকে উদ্ধার করে।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, ট্রাক দুটির চালক আহত হয়েছে। তাদের উদ্ধার করে একজনকে কালীগঞ্জ

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও অন্যজনকে যশোরে পাঠানো হয়েছে।

কার্পাসডাঙ্গায় উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের ৫ নং ওয়ার্ড কুতুবপুরে গতকাল রোববার সকাল ১০ টার দিকে ২০২০/২০২১ অর্থবছরের এলজিএসপি -৩ এর আওতায় উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের মেম্বর মনিরুজ্জামান মনির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জেলা আ. লীগ নেতা খলিলুর রহমান ভুট্ট, আ: হাকিম মেম্বর, মনিরুজ্জামান মন্টু মেম্বর, মুকুল মেম্বর, সিরাজুল মেম্বর, আসলাম মেম্বর গুলছুন নাহার, রওশনারা, রহিমা, সাংবাদিক শরীফ রতন, মেহেদী হাসান মিলন, উদ্যোক্তা হারুন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সচিব মহিউদ্দীন।

দর্শনায় গাঁজাসহ স্বামী-স্ত্রী আটক

দামুড়হুদা উপজেলার, দর্শনা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১ কেজি ৫ শত গ্রাম গাঁজাসহ স্বামী ও স্ত্রীকে হাতেনাতে আটক করেছে পুলিশ।

গতকাল রবিবার সকাল সাড়ে ৬ টার সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে কুড়ুলগাছি ইউনিয়নের বুুইচিতলা বাজার পাড়ায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এ সময় দর্শনা থানাধীন বুুইচিতলা বাজার পাড়া গ্রামস্থ জনৈক আবুল কশেম এর বসত বাড়িতে অভিযান চালিয়ে ১ কেজি ৫ শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয় এবং স্বামী ও স্ত্রী দুইজনকে আটক করে পুলিশ।

আটককৃত আসামিরা হলোঃ দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের বুুইচিতলা বাজার পাড়ার মৃত ইকলাস মন্ডলর ছেলে মোঃ আবুল কাশেম
(৫০) এবং একই গ্রামের আবুল কাশেম এর স্ত্রী মোছাঃ নাজমা খাতুন(৪৫)।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি মাহবুবুর রহমান কাজল বলেন আটককৃত আসামির বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা করা হয়েছে।

কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয়

“হাঁসি মুখে রক্ত দান, বাঁচাতে পারে লক্ষ প্রাণ” এই প্রতিপাদ্য নিয়ে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় ও সদস্য সংগ্রহ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার দিনব্যাপী স্থানীয় মেইন বাসস্ট্যান্ড এলাকায় এই কর্মসূচি অনুষ্ঠিত হয়।

ব্লাড ব্যাংকের সভাপতি শেখ মশিয়ার রহমানের সভাপতিত্বে কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন।

এ সময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ

হোসেন, ব্লাড ব্যাংকের পরিচালক মোঃ ওমর ফারুক, সহকারি পরিচালক প্রভাষক মোঃ আলমগীর হোসেন, সহ-পরিচালক মোঃ আব্দুস সালাম, সাধারণ সম্পাদক মোঃ জুবায়ের সহ-কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।

ক্যাম্পেইনে ৫শ জনকে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় সেবা প্রদান এবং সে¦চ্ছায় রক্ত প্রদানে ৫০ থেকে ৬০ জন সদস্য তালিকা ভুক্ত হয়েছেন।